

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মাননীয় মন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২১/১/২-১

রাজনীতিতে মূল রাজনীতির মানুষদের সুপ্রতিষ্ঠা দরকার

-মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

ঢাকা, ০২ জানুয়ারি ২০২১ (শনিবার)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি বলেছেন, রাজনীতিতে মূল রাজনীতির মানুষদের সুপ্রতিষ্ঠা করা দরকার। মূল রাজনীতিকরাই রাজনীতিকে প্রতিষ্ঠিত করে। রাজনীতি সুপ্রতিষ্ঠিত হলে আমাদের ভিত্তি সুদৃঢ় হবে। প্রতিকূলতা, প্রতিবন্ধকতা ও কন্ট্রাক্টরিগ পরিস্থিতি আমরা মোকাবেলা করতে পারবো। মূল রাজনীতি এলোমেলো হয়ে গেলে তাসের ঘরের মতো অনেক কিছুই ভেঙে যাবে। এজন্য রাজনীতিতে হঠাৎ উত্থান হওয়া ও চলে যাওয়ার অশুভ সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে।"

শনিবার (০২ জানুয়ারি) রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে 'জনতার প্রত্যাশা' নামক সংগঠন আয়োজিত বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা ও সাবেক প্রতিমন্ত্রী আ খ ম জাহাঙ্গীর হোসাইনের স্মরণ সভায় বিশেষ অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

'জনতার প্রত্যাশা' এর সভাপতি এম এ করিমের সভাপতিত্বে স্মরণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য বেগম মতিয়া চৌধুরী এমপি। বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আহমদ হোসেন এবং পানিসম্পদ উপমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম এমপি।

আ খ ম জাহাঙ্গীর হোসাইনের রাজনৈতিক জীবন স্মরণ করে মন্ত্রী এসময় আরো বলেন, "আওয়ামী লীগ করতে হলে শেখ হাসিনাকে মানতে হবে, মূল আওয়ামী লীগকে মানতে হবে। রাজনীতির কঠিন অবস্থায়ও আ খ ম জাহাঙ্গীর হোসাইন বঙ্গবন্ধুর আদর্শ ও মূল আওয়ামী লীগের চেতনার বাইরে যান না। এ জাতীয় মানুষরা বিভিন্নভাবে হারিয়ে যাচ্ছেন।"

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ফিরে না আসলে আজকের আওয়ামী লীগ, আজকের সরকারি ব্যবস্থাপনা ও উন্নয়ন হতো না উল্লেখ করে শ ম রেজাউল করিম আরো বলেন, "অনেক প্রতিকূলতা মোকাবেলা করেও শেখ হাসিনা অবিচল অবস্থানে ছিলেন। এ কারণে আওয়ামী লীগ ঘুরে দাঁড়াতে পেরেছে। মূল আওয়ামী লীগ ফিরে এসেছে। যুদ্ধাপরাধীদের বিচার হয়েছে, বঙ্গবন্ধুর খুনিদের দাঙ্গিকতা চূর্ণ হয়েছে। আমাদের সম্পদ শেখ হাসিনা। আশা-ভরসার শেষ আশ্রয়স্থল শেখ হাসিনা। মুক্তিযুদ্ধের প্রতিচ্ছবি শেখ হাসিনা। বঙ্গবন্ধুর প্রতিবিম্ব শেখ হাসিনা। তাঁকে অনুসরণকারীদের রাজনীতিতে প্রতিষ্ঠা করতে হবে। সকলে মিলে শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের জন্য দৃঢ়তার সঙ্গে চলতে হবে।"

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০